

স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

বাংলা

সেমিস্টার : ৪ : কোর্স : ১

বিশেষ পত্র : বিংশ শতাব্দীর বাংলা নাটক

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। রেশটের 'The Modern Theatre is the Epic Theatre' প্রবন্ধ অবলম্বন করে এপিক থিয়েটারের মূল সূত্রগুলি আলোচনা করো। ১০
- ২। পাশ্চাত্য 'অ্যাবসার্ড ড্রামা' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৩। বাদল সরকারের 'থার্ড থিয়েটার'-এর প্রধান লক্ষণগুলি চিহ্নিত করো। ১০

একক - ২

- ৪। 'নাটকে কোরাস' শীর্ষক একটি সংক্ষিপ্ত সন্দর্ভ রচনা করো। ১০
- ৫। নাটকের 'প্লট' সম্পর্কে অ্যারিস্টটলের বক্তব্য লেখো। নাটকের প্লট কতরকমের হতে পারে ও কী কী? সাবপ্লট কী? ৪+৪+২=১০
- ৬। পাশ্চাত্য নাটকের 'অঙ্ক'-ভাবনার সংক্ষিপ্ত ইতিহাস আলোচনা করো। ভারতের পঞ্চসন্ধি পরিকল্পনার সঙ্গে পশ্চিমী নাট্য-প্রকরণের পঞ্চপর্বের মূল তফাত কোথায় তা নির্দেশ করো। ৭+৩=১০

একক - ৩

- ৭। অ্যারিস্টটল প্রদত্ত ট্যাজেডির সংজ্ঞাটি বিশ্লেষণ করো। প্রসঙ্গত জানাও এই সংজ্ঞাটি যে-কোনো ভাষার বিয়োগান্তক নাটক বিশ্লেষণের ক্ষেত্রে প্রয়োগ করা যায় কি? ৬+৪=১০
- ৮। উনিশ শতকের বঙ্গ ও ইউরোপীয় নাটকের প্রেক্ষিতে রবীন্দ্রনাথ বাস্তুবাদী নাট্যমঞ্চ সম্বন্ধে যে-মনোভাব পোষণ করতেন তার পরিচয় দাও। ১০
- ৯। ভারত দৃশ্যকাব্যের ক'টি প্রকার নির্দেশ করেছিলেন? প্রকারগুলির নাম লেখো ও সংক্ষেপে প্রত্যেক প্রকারের বৈশিষ্ট্যের পরিচয় দাও। ২+৮=১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

- (ক) 'A-effect' পরিভাষাটির পুরোনাম কী? কোন্ ধরনের থিয়েটারের ক্ষেত্রে পরিভাষাটি প্রযোজ্য?
- (খ) 'ওল্ড কমেডি'র একজন নাট্যকার এবং তাঁর লেখা একটি নাটকের নাম লেখো।
- (গ) ফ্রেতাগের পিরামিডের যে-কোনো দুটি পর্যায়ের নাম লেখো।
- (ঘ) খলনায়ক নয়, রবীন্দ্রনাটকের যে-কোনো দুজন প্রতিনায়কের নাম বলো।
- (ঙ) 'রঙ্গমঞ্চ' প্রবন্ধটি করে কোথায় প্রকাশিত হয়?
- (চ) 'ক্যাথারসিস' শব্দটি অ্যারিস্টটলের গ্রন্থের কোন্ অধ্যায়ে আছে? শব্দটির অর্থ কী?